

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 21-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মতির মধ্য দিয়ে বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ - বিকশিত ভারত জি রাম জি বিল আইনে পরিণত হয়েছে।
- ২) ট্রেনের ধাক্কায় হাতি মৃত্যু কমাতে সরকার একগুচ্ছ পদক্ষেপ নিচ্ছে বলে কেন্দ্রীয় পরিবেশ, বন, জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদব জানিয়েছেন।
- ৩) রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসজ্জাচালক মোহন রাও বলেছেন, দেশের উন্নয়নে সর্বাগ্রে সমাজকে সংগঠিত করা প্রয়োজন।
- ৪) ট্রেন ভাড়ার নতুন কাঠামো প্রকাশ করেছে ভারতীয় রেল।
- ৫) বড়দিন থেকে রাজ্যে জাঁকিয়ে শীত পড়বে বলে জানিয়েছে আবহাওয়া দণ্ড।
- ৬) বাংলা, অনূর্ধ্ব ১৯, মহিলাদের একদিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ - বিকশিত ভারত জি রাম জি বিলে সম্মতি দিয়েছেন। এরফলে বিলটি আইনে পরিণত হল। সংসদের শীতকালীন অধিবেশনে উভয় কক্ষেই বিলটি পাশ হয়।

২০ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন ২০০৫-এর পরিবর্তে এই বিল আনা হয়। এখানে প্রতি আর্থিক বছরে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের কর্মসংস্থান সুনিশ্চিত করা হয়েছে। এর মধ্যে কেন্দ্র ৬০ শতাংশ এবং রাজ্য সরকার ৪০ শতাংশ ব্যয় ভার বহন করবে। গ্রামীন এলাকায় কর্ম সংস্থান নীতির রূপান্তরের ক্ষেত্রে এই আইন একটি মাইলফলক।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের অধ্যাপক আশিস কুমার সানা আকাশবাণীকে জানিয়েছেন, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে এই বিল এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বাইট

রেল দুর্ঘটনায় হাতির মৃত্যু কমাতে সরকার একগুচ্ছ পদক্ষেপ নিচ্ছে বলে কেন্দ্রীয় পরিবেশ, বন, জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদব জানিয়েছেন। দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের গোসাবায় আজ জাতীয় ব্যায় সংরক্ষণ কর্তৃপক্ষ এনটিসি এ ২৮ তম এবং প্রজেক্ট এলিফ্যান্টের স্টিয়ারিং কমিটির ২২তম বেঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন মন্ত্রী ভূপেন্দ্র যাদব। তিনি জানান, রেলকে দুর্ঘটনাপ্রবন এলাকা চিহ্নিত করতে বলা হয়েছে। এছাড়া জেলাশাসক ও পুলিশ সুপারদের নিয়ে হোয়াইটস্ক অ্যাপ গ্রুপ তৈরি করে পরিস্থিতির ওপরে নজর রাখতে হবে। কুনকি হাতি বাড়ানোর পরামর্শও দেওয়া হয়েছে। হাতির আক্রমণে মৃতদের পরিবারকে সাহায্য দেওয়ার প্রক্রিয়া আরও সহজ করা হবে বলেও মন্ত্রী জানান।

এদিন সংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী যাদব সুন্দরবনের পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের সদিচ্ছার অভাব নিয়ে সমালোচনায় সরব হন। উপকূল অঞ্চলে ম্যানগ্রোভ সংরক্ষণ ও এলাকায় আর্থ সামাজিক উন্নয়ন বা 'MISHTI' প্রকল্প রূপায়নে রাজ্য সরকার উদাসীন বলে অভিযোগ করেন মন্ত্রী।

বাইট

আজকের বৈঠকে দেশজুড়ে মানুষ এবং হাতির মধ্যে সংঘাত নিরসনে গৃহীত বিভিন্ন ব্যবস্থা পর্যালোচনা করা হয়।

শিলিগুড়ির সংলগ্ন বাগড়োগরা বিহার মোড় উড়ালপুল এলাকা থেকে হাতির দাঁত সমেত দুই পাচারকারীকে গ্রেফতার করেছে বনদণ্ড। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে গতরাতে তল্লাশি চালিয়ে একটি গাড়ি থেকে হাতির দাঁত উদ্ধার হয়। সেটি একটি পূর্ণবয়স্ক হাতির বলে জানা গেছে। ওই গাড়িতে নেপালের নম্বর প্লেট লাগানো ছিল খবর।

দেশের উন্নয়নে সর্বাগ্রে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ আরএসএস-এর সরসজ্জচালক মোহন রাও ভাগবত মত প্রকাশ করেছেন। আরএসএস-এর শতবর্ষ পূর্তি উপলক্ষে কলকাতার সায়েন্সিটি প্রেক্ষাগৃহে প্রবৃদ্ধ নাগরিক সম্মেলনে অংশ নিয়ে শ্রী ভাগবত, রাজা রামমোহন রায়ের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, সমাজ গঠনে তাঁর দেখানো পথেরই অনুসারী হতে হবে। ভেদাভেদ ভুলে সকলকে আপন করে নেওয়াই প্রকৃত লক্ষ্য হওয়া উচিত। সংঘের প্রতিষ্ঠার পটভূমির

কথা তুলে ধরে তিনি বলেন, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ কোনো পরিস্থিতির প্রতিক্রিয়া বা কারোর বিরোধিতার অথবা কারোর সঙ্গে প্রতিযোগিতা করার জন্য গড়ে উঠেনি। লাভের জন্য নয়, প্রতিশ্রুতি পূরণই সংঘের কাজ।

বাইট

তিনি বলেন, সংঘের কাজ কেবল দেশের মধ্যেই সীমাবদ্ধ নয়, বিশ্ব পরিসরেও তা অনন্য মাত্রায় পৌঁছেছে। যে পদ্ধতিতে সংঘ কাজ করে, তা অন্য কোনো দেশে দেখা যায়না। হিন্দু সমাজকে একত্রিত করার ওপরেও জোর দেন তিনি।

ট্রেন ভাড়ার নতুন কাঠামো প্রকাশ করেছে ভারতীয় রেল। আগামী ২৬ শে ডিসেম্বর থেকে ভাড়ার নতুন হার কার্যকর হবে। সাধারণ শ্রেণীতে ২১৫ কিমি পর্যন্ত ভাড়া অপরিবর্তিত থাকছে। এর পর প্রতি কিলোমিটারে ১ পয়সা করে ভাড়া বাড়বে। মেল, এক্সপ্রেস, এসি এবং নন এসির ভাড়া প্রতি কিলোমিটারে বাড়বে ২ পয়সা করে। শহরতলী এবং মাসিক সিজন টিকিটের ভাড়া অপরিবর্তিত থাকছে। এর ফলে চলতি বছরে রেলের ৬০০ কোটি টাকা অতিরিক্ত আয় হবে বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব

চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে স্বচ্ছতা আরও জোরদার করতে মাইক্রো অবজার্ভার হিসেবে নিযুক্ত আধিকারিকদের বিশেষ প্রশিক্ষণ দেবে নির্বাচন কমিশন। কলকাতার নজরুল মঞ্চে আগামী ২৪ তারিখ দু দফায় এই প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। বড়দিনের পর শুনানি প্রক্রিয়া শুরু হবে বলে সুন্দের খবর।

কেন্দ্রের গ্রুপ বি বা তার উর্ধ্বতন পদমর্যাদার আধিকারিকদেরই মাইক্রো অবজার্ভারের দায়িত্ব দেওয়া হবে। শুনানি পর্বে নজরদারি চালাবেন তারা।

হৃগলীর পান্তুয়ার তিনা দক্ষিণপাড়া এলাকা থেকে এক বাংলাদেশী অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করেছে। বাংলাদেশের বরিশালের বাসিন্দা ধূত রিয়াদ হাসান বছর তিনেক আগে বৈধ নথিপত্র ছাড়াই কলকাতায় এসেছিল। বেশ কয়েকদিন পান্তুয়ার তিনা এলাকায় থাকছিল সে। গোপন সূত্রে খবর পেয়ে গতরাতেই পুলিশ তাকে গ্রেফতার করে।

ধূতকে আজ চুঁচুড়া আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে।

কোচবিহারের মেখলিগঞ্জে তিনবিঘা সংলগ্ন এলাকায় বাংলাদেশী পাচারকারীদে হাতে আটক বিএসএফ জওয়ানকে দুদেশের ফ্ল্যাগ মিটিং-এর পর ভারতের হাতে তুলে দেওয়া হয়েছে। আজ ভোরে ঘন কুয়াশায় সীমান্ত দিয়ে গরু পাচারের সময় ওই জওয়ান বাংলাদেশী দুষ্কৃতিদের বাধা দিলে তাকে তুলে নিয়ে গিয়ে আটকে রাখা হয় বলে অভিযোগ। পরে তাকে তুলে দেওয়া হয় বাংলাদেশ বর্ডার গার্ড-বিজিবির হাতে।

দক্ষিণ দিনাজপুরে বালুরঘাটে আজ ভারতীয় সেনার 'সশস্ত্র সেনা, বিকশিত ভারত-২০২৫' শীর্ষক আধুনিক সমরসজ্জার প্রদর্শনী শুরু হয়েছে। বালুরঘাট স্টেডিয়ামে দুদিনের এই প্রদর্শনীতে ভারতীয় সেনাবাহিনীর বিভিন্ন রেজিমেন্টের পক্ষ থেকে একাধিক মহড়া, প্রযুক্তি নির্ভর আধুনিক অস্ত্র-সম্প্রদার সম্ভার প্রদর্শিত হচ্ছে এবং আয়োজিত হচ্ছে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। NCC ক্যাডেট ও স্কুল পড়ুয়াদের সঙ্গে বিশেষ মতবিনিময়ের অনুষ্ঠানের মাধ্যমে যুব সমাজকে অনুপ্রাণিত করার এবং সশস্ত্র বাহিনী সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে।

আজকের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা স্থানীয় সাংসদ ড. সুকান্ত মজুমদার, গঙ্গারামপুর আর তপনের বিধায়কসহ অন্যান্য প্রশাসনিক ও সেনা আধিকারিকরা।

অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার বলেন, এই কর্মসূচির মাধ্যমে ভারতীয় সেনাবাহিনীর শক্তি প্রদর্শনের পাশাপাশি যুব সমাজকে সেনা বাহিনীতে যোগদানের জন্য উদ্বৃদ্ধ করা সম্ভব হবে।

সেনাবাহিনীর তরফ থেকে এই উপলক্ষে এক প্রেস বিবৃতিতে বলা হয়েছে, 'সশস্ত্র সেনা, বিকশিত ভারত-২০২৫' কর্মসূচির মাধ্যমে নাগরিকদের সঙ্গে আরো নিবিড় যোগাযোগ, আস্ত্র বৃদ্ধি, সচেতনতা, জাতীয় গর্ব জাগ্রিত করার প্রতি সেনাবাহিনী অঙ্গীকার পুনর্ব্যক্ত হলো।

পশ্চিমবঙ্গ পুলিশের উদ্যোগে ময়না তদন্তের রিপোর্ট সহজে ও দ্রুত সংগ্রহের জন্য নতুন Post Mortem Portal-এর উদ্বোধন করা হয়েছে। এই আধুনিক অনলাইন পোর্টালের মাধ্যমে সাধারণ মানুষ এখন স্বচ্ছ, নিরাপদ ও সময়সাধারণী পদ্ধতিতে ময়না তদন্তের রিপোর্ট সংগ্রহ করতে পারবেন, যা জনসেবার মান আরও উন্নত করবে। ওয়েবসাইট-টি হলো wbpmr.kolkatapolice.org।

এই ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে স্বর্গীয় ব্যক্তির ময়নাতদন্তের রিপোর্ট খুব সহজেই ডাউনলোড করা যাবে। নাগরিক পরিয়েবা আরও সহজ ও কার্যকর করার লক্ষ্যে পশ্চিমবঙ্গ পুলিশের এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

কলকাতা মহামিলন মঠে আজও সংস্কৃত টোল পরীক্ষা অনুষ্ঠিত হয়। দীর্ঘ সময় পর বন্ধ থাকার পর শ্রীশ্রী ওক্ষারনাথদেব বৈদিক বিদ্যাপিঠের সহযোগিতায় দুদিন ধরে বেদ, ব্যাকরণ ও সংস্কৃত সাহিত্য সহ মোট আটটি বিষয়ে এই পরীক্ষা নেওয়া হয়। রাজ্যের বিভিন্ন টোল, চতুর্পাঠী, স্কুল ও কলেজ থেকে প্রায় তিনশো ছাত্রছাত্রী এতে অংশ নেন। অবজারভার হিসেবে উপস্থিত ছিলেন সাধনচন্দ্র মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক শুভদীপ মুখোপাধ্যায়।

বাংলা, অনূর্ধ্ব ১৯, মহিলাদের একদিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। মুস্বাই-এ আজ গ্রুপ পর্বের শেষ ম্যাচে বাংলা সাত উইকেটে নাগাল্যান্ডকে হারিয়ে দেয়। নাগাল্যান্ড প্রথমে ব্যাট করে সবকটি উইকেট হারিয়ে ৮৯ রান করেছিল। বাংলা ১৫ ওভার এক বলে তিন উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। অন্ধিজা সরকার ৩৯ রানে অপরাজিত থাকেন। টানা পাঁচ ম্যাচ জিতে অপরাজিতভাবে বাংলার মেয়েরা শেষ আটে পৌঁছলো।